

কৈলাশটিলা এলপিজি প্লান্ট প্রকল্প :

- ১। প্রকল্পের উদ্দেশ্য : জ্বালানী আমদানীর উপর নির্ভরশীলতা হ্রাস সহ দূষণমুক্ত জ্বালানী উৎপাদনের উদ্দেশ্যে এলপিজি প্লান্ট স্থাপন করা।
- ২। অনুমোদিত পর্যায় : সংশোধিত : ২৬-০৭-১৯৯৫
- ৩। বাস্তবায়ন কাল : আরম্ভ : জুলাই ১৯৮৬
সমাপ্ত : জুন ১৯৮৮
মূল : জুলাই ১৯৮৬
সংশোধিত : জুলাই ১৯৮৬
সমাপ্ত : জুন ১৯৯৭

* প্রকল্পটি জুন ১৯৯৭ সালে সমাপ্ত হলেও এর কমিশনিং কাজ সমাপ্ত হয় এপ্রিল ১৯৯৮ সালে।

- ৪। প্রাক্কলিত ব্যয় : স্থানীয় : ১,৫৬৯.০০ (লক্ষ টাকা)
বৈদেশিক : ১,৯২৯.০০ (লক্ষ টাকা)
মোট : ৩,৪৯৮.৯৩ (লক্ষ টাকা)
- ৫। প্রকৃত ব্যয় : স্থানীয় : ১,৮৬৮.৮৮ (লক্ষ টাকা)
বৈদেশিক : ১,৯২৯.০০ (লক্ষ টাকা)
মোট : ৩,৭৯৭.৮৮ (লক্ষ টাকা)
- ৬। অর্থের উৎস : জিওবি
- ৭। প্রকল্পের আওতাধীন কার্যক্রম :
কৈলাশটিলায় একটি ফ্ল্যাকশনেসন প্লান্ট স্থাপন করত: বার্ষিক ২১,০০০ মেট্রিক টন এনজিএল ফ্ল্যাকশনেসন এর মাধ্যমে বার্ষিক ৫,০০০ মেট্রিক টন এলপিজি, ৭,৬০০ মেট্রিক টন পেট্রোল ও ৮,৪০০ মেট্রিক টন ডিজেল উৎপাদনের পরিকল্পনা করা হয়।
- ৮। বাস্তবায়িত কার্যক্রম :
প্রাথমিক ভাবে দেশের ক্রমবর্ধমান এলপিজি চাহিদা পূরণের লক্ষ্যে আরপিজিসিএল এর আওতায় ১৯৯৮ সালে কৈলাশটিলা এলপিজি প্লান্ট স্থাপিত হয় এবং মার্চ ১৯৯৮ সময় হইতে ইহার বাণিজ্যিক উৎপাদন শুরু হয়। Hyundai Engineering Co. Ltd. উক্ত প্লান্ট Design, Procurement & Construction কাজ সম্পন্ন করে। SGFL-এর কৈলাশটিলা এমএসটিই প্লান্ট হইতে উৎপাদিত Condensate এবং Light NGL সম্বলিত mixed stream NGL প্রক্রিয়াকরণের মাধ্যমে বার্ষিক ৫,০০০ মেট্রিক টন LPG, ৭,৬০০ মেট্রিক টন MS ও ৮,৪০০ মেট্রিক টন HSD উৎপাদনের লক্ষ্যে প্লান্টটি ডিজাইন করা হয়। তবে প্লান্ট

কমিশনিং কালে সমস্যা দেখা দেওয়ায় বৈদেশিক পরামর্শক এর মতামত অনুযায়ী mixed stream NGL এর পরিবর্তে শুধুমাত্র Light NGL প্রক্রিয়াকরণের ব্যবস্থা নেওয়া হয়। Feed stream এ অতিরিক্ত Propane ও Heavy component না থাকায় প্লান্টের De-butanizer এর মাধ্যমে LPG ও MS উৎপাদন করা হয়। প্লান্টে এনজিএল প্রক্রিয়াকরণের মাধ্যমে সালফার ও সীসামুক্ত পরিবেশ বান্ধব উন্নতমানের এলপিগিজি ও এমএস উৎপাদিত হচ্ছে। কেটিএল প্লান্টে উৎপাদিত এলপিগিজি বিপিসির অধীনস্থ প্রতিষ্ঠান এলপি গ্যাস লিমিটেড এর মাধ্যমে এবং এমএস (পেট্রোল) পদ্মা, মেঘনা ও যমুনা ওয়েল কোম্পানীর মাধ্যমে বিপণন করা হচ্ছে।